# জাতীয় বিশ্ববিদ্যালয়
## গাজীপুর-১৭০৪

স্মারক নং: ১০(৭৬১)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/অনলাইন ভর্তি (অংশ)/২০১৬/১৫০৩ তারিখ: ১৮ সেপ্টেম্বর ২০১৬

# ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর ভর্তি বিজ্ঞপ্তি

**ভর্তি বিষয়ক ওয়েবসাইট**

(www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions)

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে অনলাইন ভর্তি কার্যক্রমের প্রাথমিক আবেদন আগামী **২৫ সেপ্টেম্বর ২০১৬ তারিখ বিকাল ৪টা থেকে শুরু হয়ে ২০ অক্টোবর ২০১৬ তারিখ** রাত ১২টা পর্যন্ত চলবে। আগ্রহী প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে উক্ত আবেদন ফরম পূরণ করে প্রাথমিক আবেদন ফি **বাবদ ২৫০/- (দুইশত পঞ্চাশ)** টাকাসহ প্রার্থীর আবেদন ফরমে উল্লিখিত **কলেজে ২৩ অক্টোবর ২০১৬ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। এ ভর্তি কার্যক্রমের ক্লাশ ১৫ নভেম্বর ২০১৬ তারিখ থেকে শুরু হবে**।

**এ ভর্তি কার্যক্রমে আবেদনকারী প্রার্থীদের কোন ভর্তি পরীক্ষা দিতে হবে না তবে** তাদের **SSC** ও **HSC** পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে মেধা তালিকা প্রণয়ন করা হবে। ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) এর **Honours tab** এ **Admission Guideline অথবা Prospectus (Honours) অপশন থেকে** জানা যাবে।

**১। আবেদনের সাধারণ যোগ্যতা**

ক) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড থেকে যে কোন শাখায় ২০১৩/২০১৪ সালের **SSC** এবং ২০১৫/২০১৬ সালের **HSC** পরীক্ষায় আলাদাভাবে **৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ২.০** প্রাপ্ত প্রার্থীরা আবেদন করতে পারবে।

খ) অন্যান্য শিক্ষা বোর্ড/বিশ্ববিদ্যালয় থেকে **SSC** ও **HSC** সমমানের পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা **১ এর ক নং** শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। **বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের HSC সমমান কোর্সসমূহ থেকে উত্তীর্ণ** i) এইচ.এস.সি. (ভোকেশনাল) ii) এইচ.এস.সি. (বিজনেস্ ম্যানেজমেন্ট) iii) ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা এ ভর্তি কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবে।

গ) **প্রার্থীদের উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় পঠিত বিষয়সমূহ থেকে ভর্তি যোগ্য (Eligible) বিষয় নির্ধারণ করা হবে। উক্ত পঠিত বিষয়ে (২০০ নম্বরের) ন্যূনতম গ্রেড পয়েন্ট ৩.০ থাকতে হবে।**

ঘ) ২০১৩/২০১৪ সালের **O-Level** পরীক্ষায় **তিনটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০৪ (চার) টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০১৫/২০১৬ সালের A-Level পরীক্ষায় একটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত ০২ (দুই) টি বিষয়ে উত্তীর্ণ প্রার্থীরা এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে তবে প্রার্থীদের ভর্তি নির্দেশিকার অন্যান্য সকল শর্ত পূরণ করতে হবে**। এ সকল প্রার্থী ডীন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি যোগাযোগ করবে।

ঙ) বিদেশী সার্টিফিকেটধারী প্রার্থীদের ক্ষেত্রে **বাংলাদেশ-এ স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড কর্তৃক** তাদের অর্জিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের নম্বর পত্রের সমতা নিরূপণ করা হলে তারাও এ ভর্তি কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবে। **বিদেশী সার্টিফিকেটধারী প্রার্থীদের আবেদনের ক্ষেত্রে ভর্তি নির্দেশিকার সকল শর্ত পূরণ করতে হবে**। এ সকল প্রার্থী ডীন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি যোগাযোগ করবে।

**২। ভর্তি পদ্ধতি, নম্বর বন্টন ও ফলাফল**

ক) প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে মেধা তালিকা তৈরী করে প্রার্থীদের পছন্দক্রম অনুযায়ী ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর বিষয় বরাদ্দ দেয়া হবে।

খ) **একই প্রতিষ্ঠান/কলেজে একই বিষয়ে দুই বা ততোধিক আবেদনকারীর মেধাক্রম এক হলে সেক্ষেত্রে পর্যায়ক্রমে এ সকল আবেদনকারীর i) ৪র্থ বিষয়সহ SSC ও HSC পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর যথাক্রমে ৪০% ও ৬০% ii) প্রয়োজন হলে SSC ও HSC পরীক্ষার মোট প্রাপ্ত নম্বরের যথাক্রমে ৪০% ও ৬০% iii) এর পরেও যদি দুই বা ততোধিক আবেদনকারীর মেধাক্রম এক হয়, তা হলে যার বয়স কম হবে তাকে অগ্রাধিকার দিয়ে মেধাক্রম প্রণয়ন করা হবে।**

গ) **এ ভর্তি কার্যক্রম পর্যায়ক্রমে প্রথম মেধা তালিকা, শূন্য আসন সাপেক্ষে দ্বিতীয় মেধা তালিকা, বিশেষ কোটা এবং রিলিজ স্লিপ এর (প্রয়োজনে একাধিকবার) মাধ্যমে সম্পন্ন করা হবে।**

ঘ) **সংশ্লিষ্ট কলেজ User ID, Password ও OTP ব্যবহার করে ভর্তির বিষয়ওয়ারী ফলাফল দেখতে পারবে। প্রার্থীরা ভর্তি সংশ্লিষ্ট ওয়েবসাইট (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) এবং SMS (nu<space>athn<space>roll no টাইপ করে 16222 নম্বরে send করতে হবে) এর মাধ্যমে অথবা কলেজ থেকে ফলাফল জানতে পারবে।**

**৩। আবেদনকারীর প্রাথমিক আবেদন ফরম পূরণ সম্পর্কিত করণীয়**

ক) আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ওয়েবসাইটে **(www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) Honours tab**-এ গিয়ে **Apply Now (Honours)** অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার রোল নম্বর, শিক্ষা বোর্ড/বিশ্ববিদ্যালয় ও পাসের সন সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।

খ) ডাটাবেজে সংরক্ষিত তথ্য অনুযায়ী আবেদনকারীর তথ্য ছকে **Male** এর স্থলে **Female** বা **Female** এর স্থলে **Male** প্রদর্শিত হলে **Click to Change** অপশনে গিয়ে সঠিক তথ্যটি এন্ট্রি দিতে হবে।

গ) এ পর্যায়ে আবেদনকারী তার ভর্তি যোগ্য (Eligible) বিষয়ের তালিকা দেখতে পাবে। আবেদনকারী তার পছন্দ অনুযায়ী বিভাগ ও জেলাওয়ারী যে কোন কলেজের নাম **Select** করলে ঐ কলেজে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর ভর্তি যোগ্য বিষয়সমূহের নাম ও আসন সংখ্যা দেখতে পাবে। এই তালিকা থেকে প্রার্থীকে সর্তকতার সংগে তার প্রার্থিত বিষয়ের পছন্দক্রম নির্ধারণ করতে হবে।

ঘ) মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসি/প্রতিবন্ধী/পোষ্য কোটায় ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা **Select** করতে হবে। **কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে**। একজন প্রার্থী এক বা একাধিক কোটায় যোগ্য হলে কোটার পছন্দক্রম নির্ধারণ করে দিতে হবে।

ঙ) ফরম পূরণের সময় আবেদনকারীর সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের রঙ্গিন ছবি **Scan** করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে ১২০×১৫০ pixels, Image Type: jpg এবং maximum file size:50Kb. **প্রার্থীর ছবি ব্যতীত অন্য কোন ছবি প্রাথমিক আবেদন ফরমে আপলোড করা হলে ঐ প্রার্থীর ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।**

চ) সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে **Submit Application** অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে [**A4** (8.5”×11”) অফসেট সাদা কাগজে] প্রিন্ট (Print) নিতে হবে।

ছ) **পূরণকৃত আবেদন ফরমের ত্রুটি সংশোধন:** আবেদন ফরম সংশ্লিষ্ট কলেজে জমাদানের পূর্বে প্রার্থী তার প্রাথমিক আবেদন ফরমটি যাচাই করবে। আবেদন ফরমে তথ্যগত অমিল বা ত্রুটিপূর্ণ ছবি থাকলে তা সংশোধন করতে হবে। আবেদন ফরম সংশোধনের জন্য প্রার্থীকে **Honours Applicant’s Login** অপশনে গিয়ে আবেদন ফরমের রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে **Form Cancel/Photo Change Option** এ গিয়ে **Click to Generate the Security key** অপশনটি ক্লিক করলে প্রার্থী তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে One Time Password (OTP) পাবে। এই OTP এন্ট্রি দিয়ে প্রার্থী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ ও ছবি আপলোড করতে পারবে।

জ) কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করার পর **পূরণকৃত আবেদন ফরমের ত্রুটি সংশোধন** করা যাবে না। সংশ্লিষ্ট কলেজকে প্রাথমিক আবেদন ফরমের ছবি ও তথ্য মিলিয়ে আবেদন ফরম নিশ্চয়ন করতে হবে অন্যথায় পরবর্তীতে **ত্রুটিপূর্ণ ছবিসহ ভর্তিকৃত প্রার্থীর ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।**

ঝ) আবেদনকারীকে প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমটির নির্ধারিত স্থানে স্বাক্ষর করতে হবে। এই আবেদন ফরমের সংগে প্রার্থীর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি ও প্রাথমিক আবেদন **ফি বাবদ ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা** সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে। প্রাথমিক আবেদন ফরমটির দ্বিতীয় অংশ কলেজ অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ প্রার্থীকে ফেরত দেয়া হবে। সংশ্লিষ্ট কলেজ যে সকল প্রাথমিক আবেদন ফরম online-এ নিশ্চয়ন করবে সে সকল প্রার্থী তাদের মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে তা জানতে পারবে।

**৪। রিলিজ স্লিপ এ ভর্তির আবেদন ফরম পূরণ সম্পর্কিত করণীয়**

যে সকল প্রার্থী মেধা তালিকায় স্থান পাবে না, ভর্তি বাতিল করবে অথবা মেধা তালিকায় স্থান পেয়েও বরাদ্দকৃত বিষয়ে ভর্তি হবে না, সে সকল প্রার্থী **পাঁচটি কলেজে** আলাদাভাবে বিষয় পছন্দক্রম নির্ধারণ করে রিলিজ স্লিপ এর জন্য আবেদন করতে পারবে।

**৫। কলেজ কর্তৃপক্ষের করণীয়**

ক) সংশ্লিষ্ট কলেজ ভর্তি কার্যক্রম পরিচালনার লক্ষ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ওয়েবসাইট **(www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions)** এর College (undergraduate) Login অপশনে গিয়ে তাদের জন্য বরাদ্দকৃত **User ID** ও **Password** এন্ট্রি দিবে। প্রাথমিক আবেদন ফরম/চূড়ান্ত ভর্তি নিশ্চয়নের সময় **Click to Generate the Security key** অপশনে গিয়ে ক্লিক করলে সংশ্লিষ্ট কলেজ কর্তৃক প্রদত্ত মোবাইল নম্বরে SMS ও কলেজ ই-মেইল এর মাধ্যমে One Time Password (OTP) পাবে। এই OTP ব্যবহার করে সংশ্লিষ্ট কলেজ প্রার্থীদের প্রাথমিক আবেদন ফরম/চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন করতে পারবে।

খ) কলেজ কর্তৃপক্ষকে প্রাথমিক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়নের পূর্বে আবেদন ফরমে প্রদর্শিত প্রার্থীর সকল তথ্য ও ছবি যাচাই করে নিতে হবে। প্রাথমিক আবেদন ফরমে প্রার্থীর তথ্য বা ছবির অসংগতি পাওয়া গেলে কলেজ কর্তৃক আবেদন ফরমটি নিশ্চয়ন না করে প্রার্থীকে অনলাইনে আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন করার পরামর্শ দিতে হবে। **ত্রুটিপূর্ণ ছবিসহ ভর্তিকৃত প্রার্থীর ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।**

গ) কলেজ আবেদনকারীর কাছ থেকে প্রাথমিক আবেদন ফি বাবদ **২৫০/-** (দুইশত পঞ্চাশ) টাকা জমা রেখে প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করবে। কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করা না হলে ঐ প্রার্থী মেধা তালিকায় স্থান পাবে না।

ঘ) কলেজ প্রাথমিক আবেদন ফি’র জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ [আবেদনকারী প্রতি **১৫০/- (একশত পঞ্চাশ)** টাকা হারে] যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে Login এর মাধ্যমে **Application Payment Info (Honours)** অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করতে হবে। Pay Slip এ ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে সংশ্লিষ্ট খাতের সঞ্চয়ী হিসাব নম্বর-**0218100003245** উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ ‘সোনালী ব্যাংক’ এর যে কোন শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।

**▸▸ এই ভর্তি কার্যক্রমের যে কোন ধারা/নিয়মাবলীর সংশোধন, সংযোজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।**

**স্বাক্ষরিত/-**

(প্রফেসর ড. মোবাশ্বেরা খানম)
ডীন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
সদস্য সচিব, স্নাতক (সম্মান) ভর্তি পরিচালনা কমিটি
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ফোন : ৯২৯১০৬৮, কল সেন্টার: ০৯৬১৪০১৬৪২৯,
ফ্যাক্স-৯২৯১০৭২ ই-মেইল- deanug@nubd.info

স্মারক নং: ১০(৭৬১)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/অনলাইন ভর্তি (অংশ)/২০১৬/১৫০৩ তারিখ: ১৮ সেপ্টেম্বর ২০১৬

অনুলিপি ঃ

১। সকল বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়।
২। সচিব, ভাইস চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর (একাডেমিক) এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬। অফিস কপি।

উপ-রেজিস্ট্রার
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪

*© কপি-রাইট: জাতীয় বিশ্ববিদ্যালয়, বোর্ড বাজার, গাজীপুর-১৭০৪*